

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
 প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৮৯.০৮.০০০০.০০৮.১৮.১১৬.১৮- ৬১৮

তারিখ: ২৪ নভেম্বর ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অক্টোবর ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৬ নভেম্বর ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ।	পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং এর ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	অর্গানোগ্রাম সংশোধন।	বিগত সভায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণের নিমিত্ত অর্গানোগ্রাম সংশোধন করার জন্য ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি মাঠ পর্যায়ে চাহিদা নিরূপণ ও বিশ্লেষণ করে বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনপূর্বক আগামী বোর্ড সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণের নিমিত্ত অর্গানোগ্রাম সংশোধন করার লক্ষ্যে গঠিত কমিটি মাঠ পর্যায়ের চাহিদা নিরূপণ ও বিশ্লেষণ করে বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনপূর্বক বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি
৩.০	কর্মচারীদের পেনশন।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে সরকারি কর্মচারীদের ন্যায় পেনশন পদ্ধতি চালু করার জন্য গঠিত কমিটি এ ধরণের অন্যান্য সংবিধিবদ্ধ/ স্ব-শাসিত প্রতিষ্ঠানের পেনশন পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে কর্মচারীদের পেনশন পদ্ধতি চালু করতে হবে।	অন্যান্য সংবিধিবদ্ধ / স্ব-শাসিত প্রতিষ্ঠানের পেনশন পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে অত্র প্রতিষ্ঠানের কর্মচারীদের পেনশন পদ্ধতি চালু করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৪.০	কর্মচারীর মেধাবী সত্তানদের বৃত্তি প্রদান।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীর মেধাবী সত্তানদেরকে প্রবাসী কর্মীর সত্তানদের ন্যায় শিক্ষা বৃত্তি প্রদানের বিষয়ে যৌক্তিকতাসহ বিস্তারিত উল্লেখপূর্বক একটি প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের জন্য আলোচনা হয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীর মেধাবী সত্তানদের-কে প্রবাসী কর্মীর সত্তানদের ন্যায় শিক্ষা বৃত্তি প্রদানের বিষয়ে যৌক্তিকতাসহ বিস্তারিত উল্লেখপূর্বক একটি প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী) মাহবুবুল হক জুলহাস এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

#### অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৫। ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেশন/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), -----
- ৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেক্স, হশাআবি, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ প্রশাসন ও উন্নয়ন) / (আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১৩। মাষ্টার নথি/২০১৯।